

**B.A. (PROGRAMME)/I**

**J**

**BENGALI LANGUAGE (A)—Paper I**

(Skill of Language Use and History of Bengali Culture)

(Admission of 2004 and onwards)

Time : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

**Section A**

1. যে কোন একটি রচনা লেখ। 15

(ক) আধুনিক ভারতীয় সাংস্কৃতি

(খ) শিশু শ্রমিক

(গ) একটি বৃষ্টির দুপুর

(ঘ) তোমার কলেজ জীবন

**অথবা**

নিম্নলিখিত সূত্রধরে কাহিনীটি সম্পূর্ণ কর :-

মামাতো ভাই'বয়সে পাঁচ ছয় বছরের বড়ো মুকুলদাই

ছিল শাস্ত্রনুর জীবনের আদর্শ, কিন্তু একি হল.....

P.T.O.

2. নিম্নলিখিত গদ্যাংশ অবলম্বনে প্রশ্নের উত্তর দাও। 15

গুরগণ খাঁ মনে মনে বলিতে লাগিলেন, “এখন কোন্ পথে যাই? এই ভারতবর্ষ এখন সমুদ্রবিশেষ - যে যত ডুব দিতে পরিবে, সে তত রত্ন কুড়াইবে। তীরে বসিয়া ঢেউ গুনিলে কি হইবে? দেখ, আমি গজে মাপিয়া কাপড় বেচিতাম-এখন আমার ভয়ে ভারতবর্ষ অস্থির। আমিই বাঙ্গালার কর্তা। কে কর্তা? কর্তা ইংরেজ ব্যাপারী - তাহাদের গোলাম মীরকাসেম; আমি মীরকাসেমের গোলাম আমি বাঙ্গালোর কর্তা না হই কেন?”

(ক) এখন ভারতবর্ষ কী?

(খ) বাঙ্গালার কর্তা কে?

(গ) গুরগণ খাঁ কার গোলাম?

(ঘ) গুরগণ খাঁর ইচ্ছা কি?

3. প্রবাদ এবং বাগধারাগুলি বাক্যে প্রয়োগ কর। 5

(যে কোন পাঁচটি)

গভীর জলের মাছ, উত্তম মধ্যম, আঘাতে গল্প, তালকানা, খাল কেটে কুমীর আনা, আকাশ কুসুম, কৈ মাছের প্রাণ, দক্ষযজ্ঞ।